# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬১৭

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আশুরার সিয়াম পালনের নির্দেশটি মুস্তাহাব নির্দেশক; অবশ্য পালনীয় নয় মর্মে বর্ণনা

## ذِكْرُ الْبَيَانِ أَنَّ الْأَمْرَ بِصِيَامِ يَوْمِ عَاشُورَاءَ أمر ندب لا حتم

আরবী

3617 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي يُونُسُ عَنِ الزُّهْرِيِّ عَنْ حُمَيْدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ: أَنَّ مُعَاوِيَةَ خَطَبَ بِالْمَدِينَةِ فِي قَدْمَةٍ قَدِمَهَا يَوْمَ عَاشُورَاءَ فَقَالَ: أَيْنَ عُلَمَاؤُكُمْ يَا أَهْلَ الْمَدِينَةِ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ: (هَذَا يَوْمُ عَاشُورَاءَ وَلَمْ يُكْتَبْ عَلَيْكُمْ صِيَامُهُ وَأَنَا صَائِمٌ فَمَنْ أَحَبَّ أن يصوم فليصم)
الراوي : حُمَيْدِ بْن عَبْدِ الرَّحْمَنِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3617 | خلاصة حكم المحدث: صحيح: ق.

বাংলা

৩৬১৭. হুমাইদ বিন আব্দুর রহমান থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার মুআবিয়া রাদ্বিয়াল্লাহু আনহু আশুরার দিন মাদীনায় আগমন করে ভাষণে বলেন, “হে মাদীনাবাসী, আপনাদের উলামাগণ কোথায়? আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “এটি আশুরার দিন, এই দিনের সিয়াম তোমাদের উপর ফরয করা হয়নি। আর আমি সিয়াম রাখছি। কাজেই যে ব্যক্তি সিয়াম রাখতে ভালবাসে, সে যেন সিয়াম রাখে।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১১২৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২০৮৫; তাবারানী: ১৯/৭৪৪; মুয়াত্তা ইমাম মালিক: ১/২৯৯; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৬৫; সহীহুল বুখারী: ২০০৩; তাহাবী: ১১২৯; তাহাবী: ২/৭৭; সুনান বাইহাকী: ৪/২৯০; বাগাবী: ১৭৮৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৬১৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হুমায়দ ইবনু 'আবদুর রহমান (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92953

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন